তারিখ ০5 OCT 2016
পৃষ্ঠা 2 কলাম 6

সমকাল



ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত গার্হস্থ্য অর্থনীতি কলেজকে পূর্ণাঙ্গ ইনস্টিটিউটে উন্নীত করার দাবিতে মঙ্গলবার রাজধানীর নীলক্ষেত মোড়ে সড়ক অবরোধ করেন শিক্ষার্থীরা ■ সমকাল

# গার্হস্থ্য অর্থনীতি কলেজ শিক্ষার্থীদের ৬ ঘণ্টা সড়ক অবরোধ

## মন্ত্রীর আশ্বাসে আন্দোলন স্থগিত

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

গার্হস্থ্য অর্থনীতি কলেজকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পূর্ণাঙ্গ ইনস্টিটিউট ঘোষণা ও এখানে সহশিক্ষা কার্যক্রম চালু করার দাবিতে বিক্ষোভ করেছেন শিক্ষার্থীরা। গতকাল মঙ্গলবার সকালে রাজধানীর নীলক্ষেতে ৬ ঘণ্টা সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন তারা। অবরোধের ফলে আশপাশের এলাকায় তীব্র যানজটের সৃষ্টি হয়। এতে ভোগান্তির শিকার হন সাধারণ নাগরিকরা।

এদিকে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ তাদের দাবির বিষয়টি বিবেচনার আশ্বাস দিয়েছেন। সন্ধ্যায় শিক্ষার্থীরা তার সঙ্গে দেখা করলে তিনি ওই আশ্বাস দেন। তার আশ্বাস পেয়ে শিক্ষার্থীরা আন্দোলন কর্মসূচি স্থগিত ঘোষণা করেন।

জানা গেছে, গতকাল সকালে কলেজে 'বিপন্ন উদ্ভিদ সংরক্ষণে শিক্ষাঙ্গনের ভূমিকা' শীর্ষক আলোচনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ■ পৃষ্ঠা ১৭ : কলাম ১

# গার্হস্থ্য অর্থনীতি কলেজ

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

হন মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ওহিদুজ্জামান। এ সময় দাবি আদায়ে তাকে অবরুদ্ধ করেন শিক্ষার্থীরা। আধাঘণ্টা অবরুদ্ধ থাকার পর কলেজ কর্তৃপক্ষ তালা ভেঙে তাকে উদ্ধার করে। এর পর বেলা সাড়ে ১১টার দিকে শতাধিক শিক্ষার্থী কলেজ থেকে বের হয়ে পাশের নীলক্ষেত মোড় অবরোধ করেন। বিকেল ৫টা পর্যন্ত চলে এই অবরোধ কর্মসূচি। ফলে আজিমপুর থেকে মিরপুর রুটের যান চলাচল বন্ধ হয়ে যায়। সৃষ্টি হয় দীর্ঘ যানজট। সাধারণ মানুষকে চরম ভোগান্তির শিকার হতে হয়।

পরে সন্ধ্যার দিকে শিক্ষার্থীরা মোমবাতি জ্বালিয়ে মিছিল নিয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করার সময় জানতে পারেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ওই এলাকার ব্যানবেইস মিলনায়তনে পূর্ব নির্ধারিত একটি কর্মসূচিতে অংশ নিচ্ছেন। তখন ৭-৮ জনের একটি দল ব্যানবেইসে গিয়ে মন্ত্রীর সঙ্গে দেখা করে দাবির বিষয়টি জানান। মন্ত্রী বিষয়টি বিবেচনার আশ্বাস দিয়েছেন বলে জানা গেছে।

আন্দোলনকারী ফারজানা আফরিন ফ্লোরা সমকালকে জানান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হলেও গার্হস্থ্য অর্থনীতির শিক্ষার্থীদের পরিচয় সংকটে পড়তে হয়। যেহেতু কলেজ তাই ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়ি, নাকি জাতীয় বিশ্ববিদ্যালয়ে– এমন প্রশ্ন শুনতে হয়। শিক্ষার্থীদের পরিচয়পত্রেও লেখা থাকে ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত। অথচ বাস্তবতা ভিন্ন। এ জন্য শিক্ষার্থীদের চাওয়া শুধু আজিমপুরের সরকারি গার্হস্থ্য অর্থনীতি কলেজ নয়, বরং সব গার্হস্থ্য অর্থনীতি কলেজকে যেন একত্র করে একটি ইউনিট করা হয়। এজন্য দরকার ছেলেমেয়ের সম্মিলিত শিক্ষার।

ফ্লোরা আরও জানান, মন্ত্রীর সঙ্গে তারা ৭/৮ জন দেখা করলে তিনি বিষয়টি বিবেচনার আশ্বাস দেন। ফলে তারা আপাতত কোনো কর্মসূচি দিচ্ছেন না।

লালবাগ থানার ওসি মনিরুজ্জামান বলেন, ছাত্রীরা দাবি-দাওয়া নিয়ে বেশ কয়েকদিন ধরেই আন্দোলন করে আসছিলেন। আজ (গতকাল) তারা নীলক্ষেত মোড়ে অবস্থান করায় যান চলাচলে সমস্যা হয়।

শিক্ষার্থীদের দাবি ও আন্দোলনের ব্যাপারে জানতে চাইলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সমকালকে বলেন, বেসরকারি কলেজ যেগুলো আছে সেগুলো আমাদের অধীনে। সেগুলো আমাদের অধীনেই থাকবে। তবে সরকারি কলেজটিকে ইনস্টিটিউট করতে একটা দাবি সব সময় ছিল। সে দাবি পূরণের বিষয় সরকার ভেবে দেখতে পারে। সরকার যে সিদ্ধান্ত দেবে, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সেটা অনুসরণ করবে।

বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে কলেজগুলো হচ্ছে– গার্হস্থ্য অর্থনীতি কলেজ (আজিমপুর), বাংলাদেশ গার্হস্থ্য অর্থনীতি কলেজ (গ্রিন রোড), ন্যাশনাল কলেজ অব হোম ইকোনমিক্স (লালমাটিয়া) ও ময়মনসিংহ গার্হস্থ্য অর্থনীতি কলেজ (ময়মনসিংহ)। এর মধ্যে আজিমপুর ক্যাম্পাস ছাড়া বাকি তিনটি কলেজ বেসরকারি। এর আগে গত রোববার দুপুরে ছাত্রীদের চার সদস্যের একটি প্রতিনিধি দল ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কার্যালয়ে গিয়ে স্মারকলিপি দেয়।